দৈনিক সংবাদ

তারিখ ... 05 NOV 1998 ...
পৃষ্ঠা 7 কলাম ... 1 ...

77

ছাত্রদল-ছাত্রলীগ সংঘর্ষ

# বিআইটি বন্ধ ঘোষণা

গাজীপুর, ৪ঠা নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।। গাজীপুরে অবস্থিত বাংলাদেশ ইনস্টিটিউট অফ টেকনোলজি (বিআইটি) ঢাকায় ছাত্রলীগ ও ছাত্রদলের কর্মীদের মধ্যে গতকাল মঙ্গলবার ও আজ বুধবার দু'দফা সংঘর্ষে ১০/১২ জন ছাত্র আহত হয়। কর্তৃপক্ষ আগামী ১৫ই নভেম্বর পর্যন্ত ইনস্টিটিউট ও হল বন্ধ ঘোষণা করেছেন।

ইনস্টিটিউটের হলের সিট বরাদ্দের

বন্ধ ঃ পৃঃ ৭ কঃ ১

## বন্ধ ঃ ঘোষণা

(১ম পৃষ্ঠার পর)

ঘটনাকে কেন্দ্র করে গতকাল মঙ্গলবার রাত ১২টার দিকে ছাত্রলীগ ও ছাত্রদলের কর্মীদের মধ্যে প্রথমে কথা কাটাকাটি ও পরে হাতাহাতি হয়। এই ঘটনার জের ধরে আজ বুধবার সকালেও উভয় পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষ হয়।